# চার ইমামের আকীদাহ (আবূ হানীফা, মালেক, শাফে‘ঈ ও আহমাদ ইবন হাম্বল)

বিভাগ/অধ্যায়ঃ প্রশ্ন ও উত্তর

রচয়িতা/সঙ্কলকঃ ইসলামহাউজ.কম

প্রশ্ন: যখন তোমাকে জিজ্ঞেস করা হয়, গাছ-গাছপালা অথবা পাথরসমূহ কিংবা মাটি দ্বারা কি বরকত হাসিল করা যায়?

উত্তর: বল, এটি শির্কের অন্তর্ভুক্ত। ইমাম আহমদ ও তিরমিযী আবূ ওয়াকেদ আল লাইসী থেকে বর্ণনা করেন যে, আমরা রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের সাথে হুনাইনে বের হলাম। তখন আমরা ছিলাম নতুন মুসলিম। সেখানে মুশরিকদের একটি বড়ই গাছ ছিল। তারা তার পাশে অবস্থান করত এবং তাতে নিজেদের অস্ত্রগুলো ঝুলিয়ে রাখত। তাকে ‘যাতু আনওয়াত’ বলা হতো। তিনি বলেন, আমরা সেই বড়ই গাছের পাশ দিয়ে অতিক্রম করলাম এবং বললাম, হে আল্লাহর রাসূল! আপনি আমাদের জন্য একটি যাতু আনওয়াত নির্ধারণ করুন। তখন আল্লাহর রাসূল বললেন, আল্লাহু আকবর। এ হলো তরীকা। যার হাতে আমার জীবন তার শপথ! তোমরা এমন একটি কথা বলছ যেমন বলেছিল বনী ইসরাঈল মূসা আলাইহিস সালামকে।

ٱجۡعَل لَّنَآ إِلَٰهٗا كَمَا لَهُمۡ ءَالِهَةٞۚ قَالَ إِنَّكُمۡ قَوۡمٞ تَجۡهَلُونَ [الاعراف: ١٣٧]

“আপনি আমাদের জন্য একটি ইলাহ নির্ধারণ করুন যেমন তাদের রয়েছে ইলাহ। তিনি বললেন, নিশ্চয় তোমরা মূর্খজাতী”। [সূরা আল-আ‘রাফ, আয়াত: ১৩৮] তোমরা অবশ্যই তোমাদের পূর্ববর্তীদের রীতিনীতির অনুসরণ করবে।

Source — https://www.hadithbd.com/books/link/?id=9985

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন